

ডাকসুতে ২৮ পদে ৫৬৫ ফরম বিক্রি

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ছয় বছর পর আগামী ৯ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদের নির্বাচন হতে যাচ্ছে। এই নির্বাচনে ২৮টি পদের বিপরীতে মোট ৫৬৫টি মনোনয়ন ফরম বিক্রি হয়েছে।

সোমবার (১৮ আগস্ট) বিকেলে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

তিনি জানান, আজ সোমবারই ৪৪২টি মনোনয়ন ফরম বিক্রি হয়েছে।

তবে কোন পদে কতটি ফরম বিক্রি হয়েছে, সে তথ্য এখনো জানা যায়নি।

অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের ১৮টি হল সংসদ নির্বাচনের জন্য ১

হাজার ২২৬টি মনোনয়ন ফরম বিক্রি হয়েছে বলে জানান প্রধান

রিটার্নিং কর্মকর্তা।

তফসিল অনুযায়ী, ১২ থেকে ১৮ আগস্ট প্রতিদিন সকাল ১০টা

থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়ন ফরম সংগ্রহ করা যায়। ফরম

জমা দেওয়ার শেষ সময় মঙ্গলবার (১৯ আগস্ট)।

যাচাই-বাছাই শেষে আগামী ২১ আগস্ট দুপুর ১টায় চূড়ান্ত প্রার্থীর

তালিকা প্রকাশ করা হবে।